

দূত প্রতিজ্ঞা

মো:আবদুল খালেক

আমি পরিপাটি সড়কে পায়ের চিহ্ন
আলোকবর্ষ অবধি চলব হেটে, গেয়ে
শূন্য কৃতজ্ঞ আগন্তককে নতুন বিশ্বায়ন,
বিশ্বাসে দুরন্ত শক্তি, ছুটব দিগন্ত ছুঁয়ে।
আমি বর্ন্যাচ্য বিদ্যাপিঠ, লাইব্রেরির গোছানো বর্নমালা,
কলতানে মুখরিত, গোলাপী কলিতে রাংগাবো সূর্যের আভা,
মনুষ্যের আলোকে সততার প্রশ্না---
হব ত্যাগী বেকনলাইট, অন্ধকারে দিশা।
আমি নিমিষে বন্ধু প্রিয়, মোবাইলে মুখোমুখি অজ্ঞবিগ্রহ,
ইন্টারনেটে প্রেম, সাবলীল বিশ্বাসী
সুদূর নক্ষত্রের বিচ্ছুরিত কসমিক কিংবা গ্যামারশ্বি-
শূষে নেব এ মাটির অশ্রুসিক্ত সকল দুঃখের বান।
আমি অবোধ গ্রামে নিঃশ্বাস প্রহরী বিশ্বাসী
উজ্জ্বল বিজলী বাতি উন্মুক্ত খুঁটিতে,
ভয়কে তাড়াবো হয়ে অভিসম্পাতের গ্রাস,
হব জীবানুমুক্ত জীবনের উপাসক, করবো-
জেলবন্দি মহামারী, বিশ্বাসঘাতক মিথ্যার আশ্বাস।
আমি ভাসমান স্যাটেলাইট, আনব আকাশ জোড়া স্বপ্ন
খুঁজে নেব আধুনিক জ্ঞানের লোলিত শোভা,
হবো সরলা মায়ের স্বর্গমাথা মঙ্গল আশির্বাদ-
দারিদ্রের সাথে বিনিময় হবো ক্লান্ত সৈনিকের ঘাম।
আমি শোভিত ট্রলারে প্রেমিক মাঝি ভরা গাংগে -
অপাড়ে মুক্তি অচেনা পথিক, বিলাবো পন্য ঘাটে ঘাটে
হবো মাছ কিংবা কবুতরের ফার্ম, উড়াব সিগন্যাল আলো
বাঁশের মাথায় ঝুলাবো লক্ষ টাকার তারাবাতি।
আমি সবুজ বাংলার মেহেদি হাতে নব পরিনীতা
বর্ষা ভেজা মৌসুমী কাঁদায় বিছাবো,
সকল নতুন শুরুর নির্ভেজাল বীজ-
হলুদ প্রান্তরে ভরা যৌবনা সরিষার ফুল,
হব দরদী প্রেমিক কর্তে পুনস্কারের গাল
ফুটাবো অন্ধকারে রাতের হাসনাহেনা
কিশোর উদ্দীপনার নির্মল ছান।